

প্রযুক্তির নাম: চার ফসল ভিত্তিক ফসলধারা আলু/মিষ্টিকুমড়া-পাট-রোপা আমন ধান রংপুর
অঞ্চলের একটি লাভজনক ফসলধারা



বিস্তারিত বিবরণ

প্রযুক্তির উপযোগিতা	উপযোগী অঞ্চল: রংপুর ও কৃষি পরিবেশ অঞ্চল ৩ এর অনুরূপ অঞ্চল উদ্ভাবনের বছর: ২০১৭-১৮ হতে ২০১৯-২০				
প্রযুক্তি ব্যবহারের তথ্য	বিষয়	ফসল বিন্যাসের বিবরণ			
	ফসল	আলু	মিষ্টিকুমড়া	পাট	রোপা আমন ধান
জাত	বারি আলু-২৫	বারি হাইব্রিড মিষ্টিকুমড়া-১	০-৭৯৫	বিনাধান-১৭	
বপন/রোপন দূরত্ব (সেমি)	৬০ x ২৫	১৮০ x ২০০	ছিটানো	২০ x ১৫	
বপন/রোপনের সময়	নভেম্বরের ৩য় থেকে ৪র্থ সপ্তাহ	নভেম্বরের ৪র্থ থেকে ডিসেম্বরের ১ম সপ্তাহ	এপ্রিল এর ২য় থেকে ৩য় সপ্তাহ	আগস্ট এর ১ম থেকে ২য় সপ্তাহ	
সারের মাত্রা (কেজি/হেক্টর)					
ইউরিয়া	২৯৩	০	১৯৫	১৯৫	
টিএসপি	১৫০	০	৩০	৩০	
এমওপি	২২০	০	১০০	৬৬	
জিপসাম	১২২	০	৮৯	২২	
জিংক সালফেট	৫.৬	০	০	২.৮	
বরিক এসিড	৫.৯	০	০	০	
গোবর	৫০০০	-	-	-	
সার প্রয়োগ পদ্ধতি	অর্ধেক ইউরিয়া ও অন্যান্য সকল সার শেষ জমি প্রস্তুতের সময় এবং বাকী অর্ধেক ইউরিয়া ৩০- ৩৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।	মিষ্টি কুমড়া আলুর সাথে রিলে হিসেবে চাষ করায় অতিরিক্ত কোনো সার প্রয়োগের প্রয়োজন হয় না।	অর্ধেক ইউরিয়া ও অন্যান্য সকল সার শেষ জমি প্রস্তুতের সময় এবং বাকী অর্ধেক ইউরিয়া ৪০- ৪৫ দিন পর জমির জো অবস্থায় উপরি প্রয়োগ করতে হবে।	ইউরিয়া ব্যতীত সকল সার জমি প্রস্তুতির শেষ পর্যায়ে দিতে হবে। ইউরিয়া সমান তিনভাগে ভাগ করে চারা রোপনের ১৫,৩০, ও ৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।	

	ফসলের আন্তঃপরিচর্যা	পাট চাষে গাছের ঘনত্ব খুবই গুরুত্বপূর্ণ। প্রতি বর্গ মিটারে যাতে প্রায় ৪০ টির মত গাছ থাকে সেদিকে খায়াল রাখতে হবে। ধানে সাধারণত: মোট জীবন কালের তিন ভাগের এক ভাগ সময় পর্যন্ত জমি অবশ্যই আগাছা মুক্ত রাখতে হবে। জমিতে ১০-১৫ সেন্টিমিটার পানি রাখতে পারলে আগাছার উপদ্রব কম হয়। স্টেমবোরার দমনের জন্য ফুরাডান ১৫ কেজি/হেক্টর দ্বিতীয় বার আগাছা দমনের সময় প্রয়োগ করতে হবে।			
	মাঠ ফসলের সময়কাল (৩২৪ দিন)	২০-২৪ নভেম্বর হতে ১৫-১৮ ফেব্রুয়ারী (প্রায় ৮৬ দিন)	২৩-২৮ নভেম্বর হতে ০১-০৬ এপ্রিল (আলুর সময় বাদে প্রায় ৪৮ দিন)	১০-১৫ এপ্রিল হতে ১৯-২৪ জুলাই (প্রায় ১০০ দিন)	০৬-১০ আগস্ট হতে ০৪- ১০ নভেম্বর (প্রায় ৯০ দিন)
	দুই ফসলের মধ্যবর্তী সময় (৪১ দিন)	১৪ দিন	০ দিন	৯ দিন	১৮ দিন
প্রযুক্তি হতে ফলন	ফলন (টন/হেক্টর)	২৭.১৪	৩৩.১২	৩.১৭	৪.৬২
	লাভক্ষতির বিবরণ	মোট আয় : হেক্টর প্রতি টাকা ৮৬৬১৯০/- উৎপাদন ব্যয় : হেক্টর প্রতি টাকা ২৭৫০১১/- মোট মুনাফা : হেক্টর প্রতি টাকা ৫৯১১৭৯/-			

প্রযুক্তির বৈশিষ্ট্য

আলু নভেম্বর মাসের শেষের দিকে লাগানোর পর ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি উত্তোলন করা শেষ হয় এবং পরবর্তীতে পাট বপণের মধ্যবর্তী ফেব্রুয়ারির মাঝামাঝি থেকে এপ্রিলের মাঝামাঝি পর্যন্ত জমি পতিত থাকে ফলে রিলে পদ্ধতিতে আবাদ করলে এই মধ্যবর্তী সময়ে সহজেই মিষ্টিকুমড়া আবাদ করা যায় (আলুর সাথে ৮৩ দিন রিলে সময় বাদে ৪৮ দিন)। পরিবর্তিত চার ফসল বিন্যাস আলু/ মিষ্টিকুমড়া -পাট-রোপা আমন ধান এ ধানের সমতুল্য ফলন ৮৩% বৃদ্ধি করা সম্ভব হয়। মিষ্টিকুমড়া অন্তর্ভুক্ত করার ফলে প্রায় ১৩৬% নীট মুনাফা বৃদ্ধি করা সম্ভব। জমির স্বাস্থ্য, ফসল নিবিড়তা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পায় এবং কৃষক অর্থনৈতিকভাবে লাভবান হবে।